তারিখ 28 MAR 2016
2 ... কলাম ... 2

সংবাদ

# তনু হত্যার বিচার দাবিতে সোচ্চার সারা দেশ

## ◻ রোডমার্চ ◻ সড়ক অবরোধ ◻ বিক্ষোভ ◻ মানববন্ধন ◻ ৩০ মার্চ ঐক ঘণ্টা শিক্ষা প্রতিষ্ঠানে মানববন্ধন করুন : গণজাগরণ মঞ্চ ◻ ৭ দিনের মধ্যে ঘাতক গ্রেফতারের আশ্বাস

নিজস্ব বার্তা পরিবেশক

তনু হত্যার প্রতিবাদে গতকালও সোচ্চার ছিল দেশবাসী। কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী সোহাগী জাহান তনু হত্যার বিচারের দাবিতে দেশজুড়ে গতকালও পালিত হয়েছে সড়ক অবরোধ, রোডমার্চ, মানববন্ধন, বিক্ষোভ সমাবেশসহ নানা কর্মসূচি। কুমিল্লায় বিক্ষুব্ধ ছাত্র-জনতা ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ ও বিশাল বিক্ষোভ সমাবেশ করে গণজাগর মঞ্চ। সমাবেশ থেকে ৩০ মার্চ সারাদেশে সব শিক্ষাপ্রতিষ্ঠানে এক ঘণ্টা মানববন্ধনের আহ্বান জানায়।

গতকাল বিকালে তনুর খুনি গ্রেপ্তারের দাবিতে রাজধানীর শাহবাগে সড়কে অবস্থান নেয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী। দিনভর নানা কর্মসূচির পর বিকাল ৫টার দিকে শাহবাগ মোড়ে অবস্থান নেয় শতাধিক শিক্ষার্থী। তারা সড়কে গোল হয়ে বসে খুনি গ্রেপ্তারের দাবিতে নানা স্লোগান দিতে থাকে। তাদের অবস্থানের কারণে গুরুত্বপূর্ণ ওই মোড়ে গাড়ি চলাচল বন্ধ হয়ে যায়। পরে পুলিশ শিক্ষার্থীদের তুলে দেয়। এরপর সাড়ে ৫টার দিকে শিক্ষার্থীরা উঠে গেলে সচল হয় সড়ক, পুনরায় শুরু হয় গাড়ি চলাচল।

গতকাল তনুর খুনিদের গ্রেপ্তারের দাবিতে সকালেই শাহবাগ মোড় থেকে কুমিল্লা অভিমুখে রোড মার্চ শুরু করে গণজাগরণ মঞ্চ। এছাড়া বিভিন্ন সংগঠনও মানববন্ধনসহ নানা কর্মসূচি পালন করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে।

অপরদিকে তনু হত্যার প্রতিবাদে মহাসড়ক অবরোধ করে রাজধানীর ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গতকাল দুপুরে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় সংলগ্ন রামপুরা ব্রিজের সামনে সড়ক অবরোধ করে। এ সময় সড়ক দীর্ঘ যানজট তৈরি হয়।

গতকাল বিকেলে জাতীয় প্রেসক্লাবের সামনে তনু হত্যার প্রতিবাদে মানববন্ধন করেছে ৬৮টি নারী, মানবাধিকার ও উন্নয়ন সংগঠনের প্ল্যাটফরম সামাজিক প্রতিরোধ কমিটি। মানববন্ধনে সভাপতিত্ব করেন আইন ও সালিশ কেন্দ্রের সিনিয়র উপ-পরিচালক অ্যাড. রওশন জাহান পারভিন। মানববন্ধনে বক্তব্য রাখেন মহিলা পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি আয়শা খানম, নারী প্রগতি সংঘের নির্বাহী পরিচালক রোকেয়া কবির, স্টেপস টুওয়ার্ডস ডেভলপমেন্টের জীবনকৃষ্ণ সাঁওজাল, বাংলাদেশ নারী সাংবাদিক কেন্দ্রের সভাপতি নাসিমুন আরা হক, বিএনডব্লিউএলএ'র সহকারী পরিচালক রশিদা হোসেন, কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের নাসিমা আক্তার জলি, নাগরিক উদ্যোগের মাহাবুব আক্তার, গণস্বাক্ষরতা অভিযানের রেহানা বেগম, কর্মজীবী নারীর রিক্তা হালদার, হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের মুর্শিকুল ইসলাম শিমুল।

আয়শা খানম সমাজ ও রাষ্ট্রের কাছে প্রশ্ন রাখেন স্বাধীনতার ৪৬ বছর পরও যেখানে বাংলাদেশের এত ইতিবাচক অর্জন সেখানে কেন আজকের নারীরা প্রতিটি ক্ষেত্রে নিরাপত্তাহীনতায় ভোগে? কিছুদিন আগে কাফরুলে ঘটে যাওয়া গৃহপরিচারিকা ধর্ষণের পর হত্যার ঘটনার কথা উল্লেখ করে তিনি বলেন উচ্চ পর্যায়ের সচিবের ছেলে সম্পৃক্ত থাকার কারণে সেই ঘটনাকেও ধামাচাপা দেয়ার চেষ্টা করা হলো সেই একই ঘটনা ঘটলো তনুর ক্ষেত্রেও সেনানিবাসের মতো নিরাপদ স্থানে ধর্ষণের পর তাকে হত্যা করা হয়েছে। তিনি আরও বলেন, জনগণের ট্যাক্সের টাকা যাদের পেছনে দেশকে দেখাশোনার জন্য খরচ করা হয় তাদের কাছ থেকে যদি আমরা এই প্রতিদান পাই তাহলে তা রাষ্ট্র ও জনগণের জন্য কতটা কল্যাণ বয়ে নিয়ে আসবে সে বিষয়ে প্রশ্ন রাখেন তিনি। সব শেষে তিনি বলেন সরকার যদি ২/৩ দিনের মধ্যে এই হত্যাকাণ্ডের সঠিক কোন তথ্য জনগণকে না দেয় তাহলে জনগণ অবশ্যই তা মেনে নেবে না।

গতকাল সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে ঢাকা মহানগর জাসদ সমন্বয় কমিটি আয়োজিত মানববন্ধন ও সংক্ষিপ্ত সমাবেশে জাসদ সাধারণ সম্পাদক সংসদ সদস্য শিরীন আখতার বলেন, স্বাধীনতা দিবস উদযাপনের প্রাক্কালে তনুর ধর্ষণ এবং হত্যার ঘটনা আমাদের হতবাক

সোচ্চার : পৃষ্ঠা : ১৫:ক : ১

p. T. O